গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
www.nlaso.gov.bd

স্মারক নং- ১০.০৭.০০০০.০০২.৪৩.০০২.২৪-২০০

তারিখঃ ২৮ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
১৩ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়ঃ নতুন লিগ্যাল এইড হেল্পলাইন '১৬৬৯৯' (টোল ফ্রি) নম্বর সম্পর্কে সকল লিগ্যাল এইড অফিসকে অবগতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা (NLASO) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন একটি সংবিধিবদ্ধ সংস্থা। সংস্থার কেন্দ্রীয় কার্যালয় থেকে **'১৬৪৩০'** হেল্পলাইন নম্বরের মাধ্যমে দেশের জনগণের আইনি সহায়তা নিশ্চিত করার জন্য বিনামূল্যে আইনি পরামর্শ প্রদান করে আসছে। সংস্থার এই কার্যক্রমকে আরও গতিশীল ও জনমুখী করার লক্ষ্যে মাননীয় আইন উপদেষ্টা মহোদয়ের অভিপ্রায়ের পরিপ্রেক্ষিতে পূর্বের **'১৬৪৩০'** হেল্পলাইন নম্বরটি পরিবর্তন করে সহজে স্মরণযোগ্য **'১৬৬৯৯'** (টোল ফ্রি) হেল্পলাইন নম্বর চালু করা হয়েছে। এই হেল্পলাইনের মাধ্যমে জনগণ সহজেই লিগ্যাল এইড অফিসের তথ্য, আইনি পরামর্শ এবং অন্যান্য প্রয়োজনীয় সহায়তা সম্পর্কে জানতে পারবেন। এর ফলে আইনি সেবা গ্রহণ আরও সহজ হবে এবং জনগণের মধ্যে লিগ্যাল এইড কার্যক্রম সম্পর্কে সচেতনতা বৃদ্ধি পাবে।

অতএব, লিগ্যাল এইড অফিসার ও সংশ্লিষ্ট সকলকে নতুন হেল্পলাইন নম্বর **'১৬৬৯৯'** (টোল ফ্রি) প্রচার এবং জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নিজ নিজ অফিসের দৃশ্যমান স্থানে নম্বরটি সুস্পষ্টভাবে প্রদর্শনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

১৩/১১/২৫
(তৌফিকুল ইসলাম)
সহকারী পরিচালক (মনিটরিং)
ফোন: ০২-৪১০৩২২৯৫(অ:)
admonitoring@nlaso.gov.bd

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড অফিসার, সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড অফিস, ঢাকা।
২। চীফ লিগ্যাল এইড অফিসার, জেলা লিগ্যাল এইড অফিস (সকল)।
৩। লিগ্যাল এইড অফিসার, জেলা লিগ্যাল এইড অফিস (সকল)।

জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। চেয়ারম্যান এবং বিজ্ঞ জেলা ও দায়রা জজ, জেলা লিগ্যাল এইড কমিটি (সকল)।
২। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪। উপপরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
৫। সহকারী পরিচালক (অর্থ ও হিসাব/ মনিটরিং), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
৬। পরিচালক এর ব্যক্তিগত সহকারী, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
৭। হিসাব রক্ষক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
৮। অফিস কপি/গার্ড ফাইল।